**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 10-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

-------------------------------------------

**PM Rail**:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কর্নাটক সফরে তিনটি রুটে বন্দে ভা রত ট্রেন চলাচলের উদ্বোধন করবেন৷ বেঙ্গালুরুর KSR রেলস্টেশনে তিনি ওই তিনটি রুটের ফ্লেগ অব করবেন৷ এর মধ্যে রয়েছে বেঙ্গালুরু থেকে বেলাগাভি, অমৃত সর থেকে মাতা বৈষ্ণদেবী কাতরা এবং নাগপুর থেকে পুনে| এর সাথে প্রধান মন্ত্রী বেঙ্গালুরু মেট্রোর ইয়েলো লাইন -এর সূচনা করবেন | তিনি নতুন প্রকল্পের শিলান্যাস করবেন | পরে তিনি এক জনসভায় ভাষণ দেবেন |

********************

**SP WEST :**

পশ্চিম ত্রিপুরার পুলিশ সুপার নমিত পাঠক গতকাল আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগকে একান্ত সাক্ষাতকারে জানিয়েছেন, আসন্ন স্বাধীনতা দিবসকে সামনে রেখে পশ্চিম ত্রিপুরা জেলায় নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থা স্বাভাবিক রাখতে সর্বাত্মক ব্যবস্থা নেওয়া হয়েছে| স্বাধীনতা দিবস উদযাপনে সাধারণ মানুষের সর্বাত্মক অংশগ্রহণ নিশ্চিত করতে ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণেও বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে| স্বাধীনতা দিবসের প্রাকপর্বে সুরক্ষা ব্যবস্থায় যাতে কোন সমস্যা না হয় সেজন্য নজরদারি কঠোর করা হয়েছে বলে শ্রী পাঠক জানান| তিনি আরো জানান, পশ্চিম জেলার ব্যাপক অংশে আন্তর্জাতিক সীমান্ত থাকায়

বি এস এফ-এর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে নিবিড় টহলদারী চলছে এবং অনুপ্রবেশ সহ যেকোন ধরনের অপরাধমূলক তৎপরতা প্রতিরোধে প্রয়াস চালানো হচ্ছে|

****************

**Rail Scheme :**

ভারতীয় রেলওয়ে রেল ভ্রমনের ক্ষেত্রে রাউন্ড-ট্রিপ প্যাকেজ প্রকল্পের ঘোষণা দিয়েছে। এই প্রকল্পের অধীনে গন্তব্য থেকে ফিরে যাওয়ার ক্ষেত্রে যাত্রীদের ২০ শতাংশ ছাড় দেওয়া হবে। রেল মন্ত্রক জানিয়েছে, এই প্রকল্পের অধীনে যাত্রী ভাড়ায় ছাড়ের সুযোগ তখনই পাওয়া যাবে, যখন যাত্রীরা আসা-যাওয়া উভয় তরফের জন্য টিকিট বুক করবে। মন্ত্রক জানিয়েছে যে, এই প্রকল্পের অধীনে বুক করা টিকিটের জন্য ভাড়া ফেরত দেয়া হবে না। এই প্রকল্পের অধীনে বুকিং শুরু হবে এই মাসের ১৪ তারিখ থেকে ১৩ অক্টোবর অগ্রিম সংরক্ষণের সময়সীমার জন্য। ফিরতি যাত্রার টিকিট বুক করার সময় ৬০ দিনের অগ্রিম সংরক্ষণের সময়কাল প্রযোজ্য হবে না।

***************

**World Indigenous Day-Khowai :**

বিশ্ব আদিবাসী দিবস উপলক্ষে বন দপ্তরের উদ্যোগে গতকাল তুলাশিখর ব্লকের পশ্চিম লক্ষীছড়া এডিসি ভিলেজের সোমবাড়িয়া বাজার মাঠে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, এম.ডি.সি অনন্ত দেববর্মা, জাইকা প্রজেক্টের রাজ্য অধিকর্তা ডঃ ডাবলু ভূটিয়া| এই শিবিরে দশটি ভিলেজ কমিটির অন্তর্গত ৩০টি দলকে ফুটবল, বাদ্যযন্ত্র, ক্রিকেট খেলার সামগ্রী বিতরণ করা হয়|

****************

**International Day**:

আই.পি.এফ.টি.মান্দাই কমিত্তির উদ্যোগে খরাং কমিউনিটি হলে বিশ্ব আদিবাসী দিবস উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। তিনি অনুষ্ঠানে বিশ্ব আদিবাসী দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন |

********************

**Congress :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে গতকাল আগরতলার কংগ্রেস ভবনে ভারত ছাড়ো আন্দোলন দিবস উদযাপন করা হয়| সভাপতি আশীষ কুমার সাহা ভারত ছাড়ো আন্দোলন দিবসের তৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন| অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক সুদীপ রায় বর্মন, গোপাল চন্দ্র রায়, প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীল কমল সাহা, প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী প্রমুখ।

************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

******************

**প্রথম ডিভিশন**:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের ফরোয়ার্ড ক্লাব ও লালবাহাদুর ব্যায়ামাগারের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলাটি গোলশূন্য ভাবে শেষ হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

****************

**Weather :**

আজ আকাশ সাধারণত  মেঘাচ্ছন্ন থাকবে| রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্র-বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬  ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে।

****************

*************